# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৭৩২

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৭. মোজাদ্বয়ের উপর মসেহ করার অনুমতি এবং তৎসংশ্লিষ্ট বিষয়। এ সম্পর্কে বিভিন্নরূপ রিওয়ায়াত

بَابُ الرُّخْصَةِ فِي الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ ، وَمَا فِيهِ ، وَاخْتِلَافِ الرِّوَايَاتِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، ثَنَا يُونُسُ بْنُ عَبْدِ الْأَعْلَى ، ثَنَا ابْنُ وَهْبٍ ، حَدَّثَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ ، وَابْنُ لَهِيعَةَ ، وَاللَّيْثُ بْنُ سَعْدٍ ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ ، ح : وَحَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ الْجُنَيْدِ ، نَا يَحْيَى بْنُ غَيْلَانَ ، ثَنَا الْمُفَضَّلُ بْنُ فَضَالَةَ ، قَالَ :سَأَلْتُ يَزِيدَ بْنَ أَبِي حَبِيبٍ عَنِ الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ ؟ فَقَالَ : أَخْبَرَنِي عَبْدُ اللَّهِ بْنُ الْحَكَمِ الْبَلَوِيُّ ، عَنْ عُلَيِّ بْنِ رَبَاحٍ ، عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ ؛ أَنَّهُ أَخْبَرَهُ أَنَّهُ وَفَدَ إِلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ عَامًا ، قَالَ عُقْبَةُ : وَعَلَيَّ خُفَّانِ مِنْ تِلْكَ الْخِفَافِ الْغِلَاظِ ، فَقَالَ لِي عُمَرُ : مَتَى عَهْدُكَ بِلُبْسِهِمَا ؟ فَقُلْتُ : لَبِسْتُهُمَا يَوْمَ الْجُمُعَةِ ، وَالْيَوْمُ الْجُمُعَةُ ، فَقَالَ لَهُ عُمَرُ : أَصَبْتَ السُّنَّةَ . وَقَالَ يُونُسُ ، : فَقَالَ : " أَصَبْتَ " . وَلَمْ يَقُلْ " السُّنَّةَ

বাংলা

৭৩২(১০)। আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আল-মুফাদ্দাল ইবনে ফুদালা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি ইয়াযীদ ইবনে আবু হাবীব (রহঃ)-এর নিকট মোজাদ্বয়ের উপর মসেহ করা সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বলেন, আমার নিকট আবদুল্লাহ ইবনুল হাকাম আল-বালাবী (রহঃ) আলী ইবনে রাবাহ-উকবা ইবনে আমের (রাঃ) সূত্রে বর্ণনা করেছেন। তিনি তাকে অবহিত করেন যে, তিনি এক বছর প্রতিনিধি হিসাবে উমার ইবনুল খাত্তাব (রাঃ)-এর দরবারে যান। উকবা (রাঃ) বলেন, আমার পরিধানে ছিল একজোড়া পুরু মোজা। উমার (রাঃ) আমাকে বললেন, তুমি কবে থেকে মোজা পরিহিত অবস্থায় আছো? আমি বললাম, আমি জুমু'আর দিন মোজা পরিধান করেছি, আর আজ পরবর্তী জুমুআর দিন। উমার (রাঃ) তাকে বলেন, তুমি সুন্নাত অনুযায়ী আমল করেছে। রাবী ইউনুস (রহঃ)-এর বর্ণনায় আছে, উমার (রাঃ) বলেন, তুমি যথার্থ আমল করেছ এবং তার বর্ণনায় সুন্নাত' শব্দটি উল্লেখ নেই।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আল-মুফাদ্দাল ইবনে ফুদালা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80521

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন